গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো

এবং

সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর

মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী খনিজ সম্পদের অনুসন্ধান, উত্তোলন ও অপসারণের লক্ষ্যে অনুসন্ধান লাইসেন্স/ইজারা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী সরকারি কর্মকমিশনের মাধ্যমে ৯ম গ্রেডের সহকারী পরিচালক পদে ০৩ (তিন) জন এবং সরাসরি নিয়োগ পরীক্ষার মাধ্যমে ১৪-১৬ তম গ্রেডের ০৪ (চার) জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছে। এ ছাড়া আউটসোর্সিং পদ্ধতিতে ০৭ টি পদে জনবল নিয়োগ করা হয়েছে। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) গত তিন বছরে মোট ২৩৩.২৬ কোটি টাকা রাজস্ব আদায় করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সমস্যা :
(ক) জনবল স্বল্পতা।
(খ) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর কতিপয় বিধিতে অস্পষ্টতা।
(গ) বিধি প্রয়োগের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে যথাসময়ে সহায়তা না পাওয়ায় অনুসন্ধান লাইসেন্স/ইজারা মঞ্জুরীতে দীর্ঘসূত্রিতা তৈরি হওয়া।
(ঘ) বিভিন্ন মামলাজনিত জটিলতার কারণে ইজারা প্রদান কার্যক্রম ব্যাহত হওয়া; এবং
(ঙ) লাইসেন্স/ইজারাগ্রহীতা কর্তৃক বিধি-বিধান প্রতিপালনে অনীহা।

চ্যালেঞ্জসমূহ :
(ক) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ হালনাগাদ করা।
(খ) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর নিয়োগবিধি, ২০১৪ অনুযায়ী জনবল নিয়োগ করা।
(গ) বিএমডি-এর আঞ্চলিক অফিস স্থাপন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর চ্যালেঞ্জসমূহ মোকাবেলা করে বিএমডিকে একটি আধুনিক ও গতিশীল সরকারি রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে নিম্নবর্ণিত প্রস্তাবনা রয়েছে :
(ক) প্রাতিষ্ঠানিক উন্নয়ন : ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে লক্ষ্যকে সামনে রেখে এবং জনগণের দোরগোড়ায় সহজে ও দ্রুততম সময়ে সেবা পৌছানোর নিমিত্ত বিএমডি কর্তৃক প্রদত্ত প্রচলিত সেবাসূহকে ই-সেবায় রুপান্তর।
(খ) শাখা অফিস স্থাপন : খনিজ সম্পদ অনুসন্ধান, উত্তোলন/আহরণ কার্যক্রমের সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে খনিজ সম্পদ সংশ্লিষ্ট বিভাগীয় শহরে নিজস্ব শাখা অফিস স্থাপন।
(গ) মানব সম্পদ উন্নয়ন : জনবল নিয়োগ ও নিয়োগকৃত জনবলকে দক্ষ মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- (ক) খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ সংশোধন।
- (খ) জনবল নিয়োগ।
- (গ) রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো

এবং

সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের ............ মাসের ........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

১.১ রূপকল্প (Vision) :

নিয়ন্ত্রিত ও উন্নত খনি ও খনিজ সম্পদ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

খনি ও খনিজ (তেল ও গ্যাস ব্যতীত) সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ ব্যবস্থাপনার মাধ্যমে দারিদ্র্য ও ক্ষুধামুক্ত দেশ গঠন, শিল্পায়ন, টেকসই অবকাঠামো নির্মাণ এবং জ্বালানি নিরাপত্তা অর্জনে সহায়ক ভূমিকা পালন।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. (খ) খনিজ সম্পদের রয়্যালটি ও সরকারি অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায়।

২. (গ) খনিজ সম্পদের অবৈধ উত্তোলন রোধ।

৩. (ক) খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ ব্যবস্থাপনা।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. (ক) দেশে প্রাপ্ত খনিজ সম্পদ (তেল ও গ্যাস ব্যতীত) এর সার্বিক ব্যবস্থাপনাসহ অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদান। (খ) অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ খনিজসমৃদ্ধ এলাকার রেকর্ড সংরক্ষণ। (গ) লাইসেন্স/ইজারার আবেদন গ্রহণ ও পরীক্ষণ। (ঘ) আগ্রহী প্রার্থীর অনুকূলে লাইসেন্স/ইজারা মঞ্জুর করা। (ঙ) মঞ্জুরকৃত লাইসেন্স/ইজারার রেকর্ড সংরক্ষণ। (চ) খনি কার্যক্রমের অগ্রগতি ও লাইসেন্স/ইজারাগ্রহীতা কর্তৃক বিধিবিধান প্রতিপালন সম্পর্কে তদন্ত করা। (ছ) বিধিবিধান অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ। (জ) দেশের খনিজ সম্পদ, তার ব্যবহার ও রপ্তানির (যদি থাকে) রেকর্ড সংরক্ষণ। (ঝ) খনিজ সংক্রান্ত আইন ও বিধিবিধান প্রণয়ন ও সংশোধনে পরামর্শ প্রদান। (ঞ) খনিজের রয়্যালটি ও অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায়।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ ব্যবস্থাপনা। | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদানকৃত | সংখ্যা | ১৬ | ০ | ২ | ৩ | ৩ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিবেশ অধিদপ্তর ও স্থানীয় প্রশাসন | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পরিবেশ অধিদপ্তর ও স্থানীয় প্রশাসন |
| খনিজ সম্পদের রয়্যালটি ও সরকারি অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায় বৃদ্ধি | মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণকৃত | কোটি টাকা | ৪৬.৩৯ | ৭৩.৫৯ | ৫০ | ৫২ | ৫৫ | জিএসবি ও স্থানীয় প্রশাসন | জিএসবি ও স্থানীয় প্রশাসন |
| খনিজ সম্পদের অবৈধ উত্তোলন রোধ | সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নকৃত | সংখ্যা | ২৬ | ২৩ | ১৫ | ২০ | ২২ | জিএসবি ও স্থানীয় প্রশাসন | জিএসবি ও স্থানীয় প্রশাসন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] (খ) খনিজ সম্পদের রয়্যালটি ও সরকারি অন্যান্য রাজস্ব নির্ধারণ ও আদায়। | ৫০ | [১.১] মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণ | [১.১.১] মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণকৃত | সমষ্টি | কোটি টাকা | ৫০ | ৩১.৯১ | ৪৯.২৭ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৫২ | ৫৫ |
| [২] (গ) খনিজ সম্পদের অবৈধ উত্তোলন রোধ। | ২০ | [২.১] সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়ন | [২.১.১] সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নকৃত | সমষ্টি | সংখ্যা | ২০ | ২৬ | ১১ | ২৫ | ২৩ | ২০ | ১৮ | ১৫ | ২০ | ২২ |
| [৩] (ক) খনিজ সম্পদের বিভিন্ন উৎস অনুসন্ধান, উন্নয়ন ও আহরণ ব্যবস্থাপনা। | ৫ | [৩.১] অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদান | [৩.১.১] অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ৫ | ১৬ | ০০ | ৫ | ৫ | ৪ | ৪ | ৩ | ৩ | ৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ’র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৩ | ৪ | | | | | ৪ | ৪ |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৩ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | ৫০ | | ৮০ | ৭০ | ৬০ | | | ৯০ | ১০০ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | ৩১-০৩-২০১৯ | ৩০-০৯-২০১৯ | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | ৩১-০৩-২০১৯ | ১৪-১০-২০১৯ | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | ৬০ | ৬২.৯ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | ৬০ | ৬০ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | ৬ | ৭ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | ১০০ | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ১০০ | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৮০ | ৮০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ১৪ | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ৫০ | ৫০ |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | ২০-০১-২০১৯ | ০১-০১-২০২০ | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | ১৫-১২-২০২১ | ১৫-১২-২০২২ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় হিসাবে মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৮.০৭.২০২০

মহাপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো

তারিখ

২৮.০৭.২০২০

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

তারিখ

মোঃ আনিছুর রহমান
সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিএমডি | ব্যুরো অব মিনারেল ডেভেলপমেন্ট (খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো) |
| ২ | এপিএ | এ্যানুয়াল পারফরমেন্স এগ্রিমেন্ট (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি) |
| ৩ | জিএসবি | জিওলজিক্যাল সার্ভে অব বাংলাদেশ (বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর) |
| ৪ | এসআইপি | স্মল ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (ছোট উন্নয়ন কর্মসূচি) |
| ৫ | পিআই | পারফরমেন্স ইন্ডিকেটর (কর্মসম্পাদন সূচক) |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণ | [১.১.১] মজুদ নির্ণয়, মূল্য নির্ধারণ ও রয়্যালটি নির্ধারণকৃত | অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ ও কৌশলগত অন্যান্য খনিজ সম্পদের মাঠ পর্যায়ে মজুদ জেনে উত্তোলনের লক্ষ্যে সরকারি রাজস্ব ও রয়্যালটি নির্ধারণ | বিএমডি | বিএমডি, জিএসবি ও স্থানীয় প্রশাসনের প্রতিবেদন | প্রতিবেদনের আলোকে |
| [২.১] সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়ন | [২.১.১] সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রণয়নকৃত | বিধি অনুযায়ী মঞ্জুরীকৃত এলাকা মনিটরিং, অবৈধ উত্তোলন রোধ | বিএমডি | বিএমডি, জিএসবি ও স্থানীয় প্রশাসনের প্রতিবেদন | প্রতিবেদনের আলোকে |
| [৩.১] অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদান | [৩.১.১] অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদানকৃত | খনিজ অনুসন্ধান, খনি/কোয়ারি ইজারা প্রদানের লক্ষ্যে মাঠ পর্যায়ে প্রাথমিকভাবে খনিজের উৎস, প্রকৃতি, ব্যপ্তি ও মজুদ ইত্যাদি নির্ণয় করে লাইসেন্স অনুমোদন দেওয়া হয় | বিএমডি | বিএমডি, জিএসবি ও স্থানীয় প্রশাসনের প্রতিবেদন | প্রতিবেদনের আলোকে |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদানকৃত | প্রয়োজনীয় সহযোগিতা প্রাপ্তি | খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী অনুমোদনকারী কর্তৃপক্ষ | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদান সম্ভব নয় |
| মন্ত্রণালয় / বিভাগ | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদানকৃত | খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী | পরিবেশগত উপাত্ত বিনিময় | প্রত্যাশিত কার্য সম্পাদনে ধীরগতি |
| মন্ত্রণালয় / বিভাগ | আইন ও বিচার বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদানকৃত | খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ অনুযায়ী | আইনী সহযোগিতা | প্রত্যাশিত কার্য সম্পাদনে ধীরগতি |
| দপ্তর / সংস্থা | বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা প্রদানকৃত | সরেজমিন পরিদর্শন কার্যক্রম যথাযথভাবে সম্পাদন | ভূতাত্ত্বিক প্রতিবেদন, তথ্য উপাত্ত বিনিময় ও ভূতাত্ত্বিক জরিপ কার্য সম্পাদন | প্রত্যাশিত কার্য সম্পাদনে ধীরগতি |